

# ইসলামিক ফাউন্ডেশন

(প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)

নড়াইল জেলা কার্যালয়

ddifnarail16@gmail.com

স্মারকঃ ১৬.০১.৬৫০০.০২২.০০৩.০১.১৬

তারিখঃ ১৩/০২/২০২৪খ্রি.

বরাবর,

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,

.....উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা,

ডাকঃ ....., উপজেলাঃ নড়াইল/লোহাগড়া/কালিয়া

জেলাঃ নড়াইল।

বিষয়ঃ- জাতীয় শিশু কিশোর সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪ এর উপজেলা ও জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসংগে।

জনাব,

আসসালামু আলাইকুম।

ইসলামিক ফাউন্ডেশন নড়াইল জেলা কার্যালয় প্রতি বছরের ন্যায় এবারও জাতীয় শিশু কিশোর সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪ এর উপজেলা ও জেলা পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠানের কর্মসূচী গ্রহণ করেছে। শিশুরাই জাতির ভবিষ্যত। জাতির বৃহত্তর স্বার্থে শিশু-কিশোরদের মাঝে নৈতিক মূল্যবোধ ও দায়িত্বানুভূতি জাগ্রত করা এবং অপসংস্কৃতির মোকাবেলায় ইসলামী সংস্কৃতির পুনরুজ্জীবনে ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে সরকারের একটি মহত কর্মসূচী। জাতীয় জীবনের সর্বস্ৰুে ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠার লক্ষ্যে গৃহীত এ বাস্তবমুখী প্রচেষ্টাকে সফল করে তুলতে আপনাদের সহযোগিতা আবশ্যিক।

মেধাবী ছাত্র-ছাত্রী খুঁজে বের করে জাতীয় পর্যায়ে বিজয় অর্জনের মাধ্যমে আপনার প্রতিষ্ঠানের ও নড়াইল জেলার সুনাম বৃদ্ধি করা এবং অপসংস্কৃতির মোকাবেলায় ইসলামী সংস্কৃতির বিকাশ সাধনে সরকারী এ মহতি কর্মসূচী বাস্তবায়নে বিগত বছরের ন্যায় এবারও আপনার প্রতিষ্ঠানের বাছাই করা প্রতিযোগীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার গ্রুপ বিন্যাসঃ-

- ০১। ক গ্রুপঃ- ১ম শ্রেণী হতে ৭ম শ্রেণী পর্যন্ত (স্কুল ও মাদ্রাসার ১২ বছর পর্যন্ত বয়সের ছাত্র-ছাত্রী)।
- ০২। খ (ছাত্র) গ্রুপঃ- ৮ম শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত ((স্কুল ও মাদ্রাসার ১৬ বছর পর্যন্ত বয়সের শুধুমাত্র ছাত্র)।
- ০৩। খ (ছাত্রী) গ্রুপঃ- ৮ম শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত ((স্কুল ও মাদ্রাসার ১৬ বছর পর্যন্ত বয়সের শুধুমাত্র ছাত্রী)।

প্রতিযোগিতার বিষয়ঃ-(উপজেলা ও জেলা পর্যায়ে)।

- | বিষয়      | গ্রুপ-ক       | গ্রুপ-খ(ছাত্র) | গ্রুপ-খ(ছাত্রী) |
|------------|---------------|----------------|-----------------|
| ক) ক্বিরাত | সূরা মাউন     | সূরা আদ দোহা   | সূরা আদ দোহা    |
| খ) আজান    | ছাত্রদের জন্য | ছাত্রদের জন্য  | নেই             |
| গ) কবিতা   | কৃষকের ঈদ     | সিন্দাবাদ      | সিন্দাবাদ       |
- (কাজী নজরুল ইসলাম) (ফররুখ আহমেদ) (ফররুখ আহমেদ)
- ঘ) ইসলামী গান ঃ- বাংলা ভাষায় রচিত যে কোন ইসলামী গান ( হামদ ও না'ত) সকল গুরুপের জন্য।
- ঙ) উপস্থিত বক্তৃতাঃ- সময় ৩ মিনিট। বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের অনুকৃতি।
- চ) রচনাঃ- রচনার বিষয় তাৎক্ষনিকভাবে জানানো হবে। কলম সংগে আনতে হবে। কাগজ অফিস থেকে সরবরাহ করা হবে। সময়ঃ- ৩০ মিনিট।
- ছ) ইসলামী জ্ঞানঃ-শুধুমাত্র জেলা পর্যায়ে ৩টি গুরুপে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। যে কোন ছাত্র-ছাত্রী এ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে। তবে একই প্রতিষ্ঠান থেকে প্রতি গুরুপে ৩ জন করে অনধিক ৯জন প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে। ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত ছোটদের “ইসলামী জ্ঞান” পুস্তিকা (ইতিপূর্বে বিতরণকৃত) থেকে ৭৫% এবং ২৫% পুস্তক বহির্ভূত ইসলামের ইতিহাস ও আদর্শ ভিত্তিক প্রশ্নের উত্তর দিতে হবে। কলম সংগে আনতে হবে। সময়ঃ- ১ঘন্ট

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

প্রতিযোগিতার নিয়মাবলী :

- ০১। কোন প্রতিযোগী ৩টির বেশী বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে না। একই প্রতিষ্ঠান থেকে প্রতি বিষয়ে ৩ জন করে ৩ টি গুরুপে অনধিক ৯ জন প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে। তবে অতিরিক্ত ইসলামী জ্ঞান প্রতিযোগিতায় সকল প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে।
- ০২। কোন অবস্থাতেই যুগ্ম বিজয়ী গ্রহণ করা হবে না।
- ০৩। প্রতিযোগিতার ফলাফল সম্পর্কে বিচারকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। এ ব্যাপারে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ০৪। কোন প্রতিযোগী নিয়ম শৃঙ্খলার পরিপন্থী এবং প্রতিযোগিতার স্বার্থ বিরোধী কোনরূপ আচরণ অথবা কোন অসদাচরণ করলে কর্তৃপক্ষ তার অংশগ্রহণ বাতিল করার ক্ষমতা রাখে।
- ০৫। উপজেলা পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী জেলাপর্যায়ের প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে।
- ০৬। জেলা পর্যায়ে বিজয়ীদের পুরস্কার ও সনদপত্র দেয়া হবে এবং উপজেলা পর্যায়ে শুধুমাত্র সনদপত্র প্রদান করা হবে।
- ০৭। প্রতিযোগিতা শুরুর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে প্রতিযোগিতা স্থলে উপস্থিত থাকতে হবে।

প্রতিযোগিতার স্থান ও সময়ঃ— উপজেলা পর্যায়ের ঃ-সকাল ৯.৩০টা।

- (ক) সদর উপজেলা-
- (খ) কালিয়া উপজেলা -
- (গ) লোহাগড়া উপজেলা-

জেলা পর্যায়ের প্রতিযোগিতার স্থান ও সময় :

সকল গ্রুপ একত্রে। আগামী ১৮ ফেব্রুয়ারি-২০২৪ খ্রি. সকাল ৯.৩০ মি: কেন্দ্রীয় জামে মসজিদ নড়াইল ২য় তলা।

স্বাঃ

মিজানুর রহমান

উপ-পরিচালক

ইসলামিক ফাউন্ডেশন নড়াইল।

স্মারকঃ ১৬.০১.৬৫০০.০২২.০০৩.০১.১৬

তারিখঃ ১৩/০২/২০২৪খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১. জেলা শিক্ষা অফিসার প্রাথমিক/মাধ্যমিক, নড়াইল।
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর/লোহাগড়া/কালিয়া, নড়াইল।
৩. উপজেলা শিক্ষা অফিসার, সদর/লোহাগড়া/কালিয়া, নড়াইল।
৪. সংশ্লিষ্ট নথি /গার্ড ফাইল



মিজানুর রহমান

উপপরিচালক

ইসলামিক ফাউন্ডেশন নড়াইল।